গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ
(ব্যবসা বাণিজ্য শাখা)
www.narayanganj.gov.bd

স্মারক নং ০৫.৪১.৬৭০০.২০৫.০৮.০৮.১৯- ১৯

তারিখ : ২৩শে চৈত্র ১৪২৯
৬ এপ্রিল ২০২৩

"গণবিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৯৫৬ সালের অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইনের অধীন প্রণীত ১৯৮১ সনের অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আদেশ অনুযায়ী লৌহ ও লৌহজাত দ্রব্য, স্টীলের সামগ্রী, সিমেন্ট, সকল প্রকার কাপড়, (খুচরা ও পাইকারী), সকল প্রকার সুতা (খুচরা ও পাইকরী) দুগ্ধ খাদ্য, সিগারেট, ইলেকট্রিক ও ইলেক্ট্রনিক্স সামগ্রী,মেডিক্যাল ও সর্জিকাল সামগ্রী, রাই-সাইকেল, যন্ত্রাংশ-টায়ার ও টিউব, সাবান ও ওয়াশিং পাউডার, ভোজ্য তেল, ভোজ্য লবণ ও বিটলবণ, এবং ১৯৮৭ সনের স্বর্ণ (সংগ্রহ মজুদ ও বিতরণ) আদেশ অনুযায়ী স্বর্ণ (জুয়েলারী, বুলিয়ান স্বর্ণ বন্ধকী ও কারিগরী) ব্যবসায়ীদের জন্য জেলা প্রশাসকের কার্যালয় হতে লাইসেন্স গ্রহণ ও নবায়ন করা বাধ্যতামূলক। কিন্তু নারায়ণগঞ্জ জেলায় বিপুল সংখ্যক ব্যবসায়ীগণ ডিলিং লাইসেন্স গ্রহণ/নবায়ন না করে তাদের ব্যবসা পরিচালনা করছেন, যা শাস্তিযোগ্য অপরাধ।

এমতাবস্থায়, নারায়ণগঞ্জ জেলার উপযুক্ত পণ্য ব্যবসার লাইসেন্সসমূহ গ্রহণ/ নবায়নের জন্য ১৯৫৬ সালের অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইনের অধীন প্রণীত ১৯৮১ সালের অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আদেশ মোতাবেক আগামী ৩০ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে ট্রেজারি চালান মূলে নির্ধারিত ফি জমা প্রদানপূর্বক জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ হতে লাইসেন্স গ্রহণ/নবায়ন করার জন্য সংশ্লিষ্ট ব্যবসায়ীগনকে বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় নির্ধারিত সময়ের পর লাইসেন্স বিহীন ব্যবসায়ীগণের বিরুদ্ধে আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

মো: মঞ্জুরুল হাফিজ, বিপিএএ
জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ
ফোন: ০২-৪৭৬৫০৬৬৪
Email:dcnarayanganj@mopa.gov

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক/রাজস্ব/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ।
০২। উপজেলা নির্বাহী অফিসার,সদর/বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ। (তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচার করে ৩০ এপ্রিল/২০২৩ তারিখের পর এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৩। সহকারী কমিশনার (ভূমি).....সোনারগাঁ.....(সকল), নারায়ণগঞ্জ।
০৪। জেলা তথ্য অফিসার, নারায়ণগঞ্জ, (তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
০৫। সভাপতি, নারায়ণগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, নারায়ণগঞ্জ।
০৬। সভাপতি, প্রেস ক্লাব, নারায়ণগঞ্জ।
০৭। সহকারী প্রোগ্রামার, নারায়ণগঞ্জ। (তাঁকে জেলা প্রশাসকের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৮। জেলা বাজার কর্মকর্তা, নারায়নগঞ্জ।
০৯। সভাপতি/ সম্পাদক----------ব্যবসায়ী সমিতি, নারায়ণগঞ্জ।
১০। অফিস কপি।